প্রশিক্ষণ প্রতিবেদন

ডিজিটাল/আধুনিক গ্রন্থাগার ব্যবস্থাপনা বিষয়ক বেসিক কোর্স(৫ম ব্যাচ)
০৩-১৩ সেপ্টেম্বর ২০১৮

মোঃ জামাল উদ্দিন
চীফ বিবলিওগ্রাফার/উপপরিচালক(চ.দা.)
ও
কোর্স কো-অর্ডিনেটর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
আগারগাঁও, শেরে বাংলা নগর
ঢাকা-১২০৭।

ভূমিকা

আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তরাধীন জাতীয় গ্রন্থাগারের গুরুত্বপূর্ণ কার্যাবলীর মধ্যে দেশের গ্রন্থাগার পেশায় নিয়োজিত কর্মকর্তাদের (লাইব্রেরিয়ান/ সহকারি লাইব্রেরিয়ান/ডকুমেন্টেশন অফিসার প্রভৃতি) পেশাগত প্রশিক্ষণের ব্যবস্থায় স্থানীয় বিশেষজ্ঞ পর্যায়ের প্রশিক্ষকদের তত্ত্বাবধানে প্রতিবছর নিয়মিত প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করে থাকে। এর ধারাবাহিকতায় **"ডিজিটাল/আধুনিক গ্রন্থাগার ব্যবস্থাপনা বিষয়ক বেসিক কোর্স (৫ম ব্যাচ)"** শীর্ষক প্রশিক্ষণ ০৩-১৩ সেপ্টেম্বর ২০১৮ মোট ১০(দশ)দিন বাংলাদেশ জাতীয় গ্রন্থাগার, আগারগাঁও এ অনুষ্ঠিত হয়েছে। প্রশিক্ষণার্থীদের পেশাগত দক্ষতা বৃদ্ধি, আধুনিক গ্রন্থাগার ব্যবস্থাপনা, সেবার মান উন্নয়ন, পাঠক সৃষ্টি, আধুনিক প্রযুক্তি ব্যবহার ও গবেষক ও পাঠকদের ডিজিটাল সেবা প্রদানের লক্ষে এ প্রশিক্ষণের আয়োজন। জাতীয় গ্রন্থাগার অডিটোরিয়ামে ১০(দশ) দিন ব্যাপি এ প্রশিক্ষণের উদ্বোধন অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় মন্ত্রী জনাব আসাদুজ্জামান নূর, *এমপি* উক্ত প্রশিক্ষণের শুভ উদ্বোধন করেন। উদ্বোধনী অনুষ্ঠানে তিনি এ প্রশিক্ষণ চলমান রাখার পরামর্শ দেন।

"ডিজিটাল/আধুনিক গ্রন্থাগার ব্যবস্থাপনা বিষয়ক বেসিক কোর্স (৫ম ব্যাচ)" শীর্ষক প্রশিক্ষণের সংক্ষিপ্ত তথ্যাদি নিম্নে উপস্থাপন করা হলো:

ক্র.নং		:	
১।	**প্রশিক্ষণের শিরোনাম**	:	**ডিজিটাল/আধুনিক গ্রন্থাগার ব্যবস্থাপনা বিষয়ক বেসিক কোর্স**
২।	**প্রশিক্ষণার্থীর সংখ্যা**	:	২৫ জন কমকর্তা (ক) পুরুষ=১৩ জন (খ) মহিলা=১১ জন
৩।	**প্রশিক্ষণের মেয়াদ**	:	১০ দিন (০৩-১৩ সেপ্টেম্বর ২০১৮)
৪।	**প্রশিক্ষণের সেশন**	:	৪০টি (প্রতিদিন ০৪টি)
৫।	**প্রশিক্ষণের স্থান**	:	প্রশিক্ষণ কক্ষ, জাতীয় গ্রন্থাগার ভবন(নিচ তলা)
৬।	**প্রশিক্ষণার্থীগণ কর্তৃক পরিদর্শন**	:	ক) মুক্তিযুদ্ধ জাদুঘর, আগারগাঁও, ঢাকা খ) ডিজিটাল গ্রন্থাগার, শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, ঢাকা গ) জাতীয় আরকাইভস, আগারগাঁও, ঢাকা
৭।	**রিসোর্স পারসন**	:	সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের কর্মকর্তাগণ; তথ্যবিজ্ঞানও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিভাগের শিক্ষকবৃন্দ; ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির ইনফরমেশন স্টাডিজ বিভাগের চেয়ারম্যান; লালমাটিয়া মহিলা কলেজের গ্রন্থাগার ও তথ্যবিজ্ঞান বিভাগের চেয়ারম্যান; চীফ লাইব্রেরিয়ান, বিআইডিএস; লাইব্রেরিয়ান, বেনবেইস; লাইব্রেরিয়ান, ইনডিপেনডেন্ট ইউনিভার্সিটি; লাইব্রেরিয়ান, প্রধানমন্ত্রীর কার্যালয় এবং আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তরের কর্মকর্তাগণ।
৮।	**প্রশিক্ষণ সিডিউলে অন্তর্ভুক্ত বিষয়াদি**	:	এক নজরে জাতীয় গ্রন্থাগার ও জাতীয় আরকাইভস, জাতীয় গ্রন্থাগার সৃষ্টির ধারণা ও ক্রমবিকাশ, E-activities in Library, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা, e-Resources Development in Libraries, পুস্তক শ্রেণীকরণ ও বিন্যাস ব্যবস্থাপনাকরণ, Metadata, Plagiarism, Koha software, জাতীয় গ্রন্থপঞ্জি অটোমেশন, আরকাইভাল নথি নির্বাচন ও ডিজিটাইজেশন, ই-বুক প্রণয়ন ও প্রকাশ, তথ্য অধিকার আইন, জাতীয় গ্রন্থপঞ্জি, Open Access in Library Collection Development, Zetero Software, ফাইল ব্যবস্থাপনা, Digitization of Library Resources,

			Knowledge Management, মুক্তিযুদ্ধ জাদুঘর পরিদর্শন এবং মুক্তিযুদ্ধের ইতিহাস ও ঘটনা প্রবাহের তথ্য সংগ্রহ, গ্রন্থাগার সামগ্রী শ্রেণিকরণ ও বিন্যাসকরণ, উপস্থাপনা তৈরী, ডিজিটাল গ্রন্থাগার ব্যবস্থাপনা, ডিজিটাইজেশন ও মাইক্রোফিল্মকরণ, জাতীয় গ্রন্থাগারের ক্যাটালগিং, Promoting Special Library Services, ISBN,, শিক্ষা ও গবেষনায় গ্রন্থাগারের গুরুত্ব, তথ্যসামগ্রী সংরক্ষণে ডিজিটাইজেশন এর গুরুত্ব, আরকাইভাল নথি ব্যবস্থাপনা, শ্রেণিকরণ ও অনলাইন সেবা, মুক্তিযুদ্ধ সম্পর্কিত তথ্যাদি গ্রুপভিত্তিক উপস্থাপনা মূল্যায়ন, Management of Libraries and Archival Institutions, স্বয়ংক্রিয় পদ্ধতিতে পুস্তক লেনদেন, MARC, RFID ও নিরাপত্তা ব্যবস্থাকরণ, ডিজিটাল গ্রন্থাগার পরিদর্শন, ডিজিটাল গ্রন্থাগার ব্যবস্থাপনার প্রয়োজনীয়তা, সম্ভাবনা, সমস্যা ও প্রতিকার।
৯।	**প্রশিক্ষণার্থীর কোর্স মূল্যায়ন**	:	প্রশিক্ষণে সকল প্রশিক্ষণার্থীর কোর্স মূল্যায়ন গ্রহন করা হয়।
১০।	**রিসোর্স পারসনদের মূল্যায়ন ও পরামর্শ গ্রহণ**		প্রশিক্ষণার্থীগণ কর্তৃক রিসোর্স পারসনদের মূল্যায়ন সাদরে গৃহিত হয় এবং কোর্সের উন্নয়নে তাদের মূল্যবান পরামর্শ/মতামত গ্রহণ করা হয়।
১১।	**প্রশিক্ষণার্থীদের আপ্যায়ন**		সকল প্রশিক্ষণার্থীকে প্রতিদিন দুপুরে লাঞ্চ এবং সকাল ও বিকালে নির্দিষ্ট সময়ে নাস্তা ও চা সরবরাহ করা হয়েছে।
১২।	**প্রশিক্ষণার্থীদের ভাতা, সনদপত্র ও গ্রুপ ফটো**	:	• প্রতিটি প্রশিক্ষণার্থীকে প্রতিদিনের জন্য ৫০০/- টাকা হারে প্রশিক্ষণ ভাতা প্রদান করা হয়েছে। • সমাপনী অনুষ্ঠানে সকলকে সনদপত্র ও গ্রুপফটো(১০X১২) প্রিন্ট করে প্রদান করা হয়েছে।

"ডিজিটাল/আধুনিক গ্রন্থাগার ব্যবস্থাপনার বেসিক কোর্স (৫ম ব্যাচ)" শীর্ষক প্রশিক্ষণ(২০১৮) এর কিছু চিত্র

ডিজিটাল/আধুনিক গ্রন্থাগার ব্যবস্থাপনার বেসিক কোর্স প্রশিক্ষণের উদ্বোধনী অনুষ্ঠানের উদ্বোধন ঘোষনা করছেন সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব আসাদুজ্জামান নূর, *এমপি*

উদ্বোধনী অনুষ্ঠানের সভাপতির বক্তব্য রাখছেন অধিদপ্তরের মহাপরিচালক জনাব দিলীপ কুমার সাহা।

প্রশিক্ষণে অংশগ্রহণকারীদের সাথে অধিদপ্তরের মহাপরিচালক জনাব দিলীপ কুমার সাহা এবং কোর্স কো-অডিনেটর ও চীফ বিবলিওগ্রাফার/ উপপরিচালক(চ.দা.) জনাব মো: জামাল উদ্দিন।

সমাপনী অনুষ্ঠানে প্রশিক্ষণার্থীদের সাথে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় সচিব জনাব মো: নাসির উদ্দিন আহমেদ, অধিদপ্তরের মহাপরিচালক জনাব দিলীপ কুমার সাহা এবং কোর্স কো-অর্ডিনেটরদ্বয়।

সমাপনী অনুষ্ঠানে বক্তব্য রাখছেন সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় সচিব জনাব মো: নাসির উদ্দিন আহমেদ।

সমাপনী অনুষ্ঠানে সভাপতির বক্তব্য রাখছেন অধিদপ্তরের মহাপরিচালক জনাব দিলীপ কুমার সাহা।

সমাপনী:

১৩ সেপ্টেম্বর ২০১৮ উক্ত প্রশিক্ষণটির সমাপনী অনুষ্ঠান হয়। এ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের সচিব মহোদয় জনাব মো: নাসিরউদ্দিন আহমেদ উপস্থিত থেকে প্রশিক্ষণার্থীদের সনদপত্র প্রদান করেন। সমাপনী অনুষ্ঠানে প্রশিক্ষণার্থীগণ বিভিন্ন জেলা থেকে আসা প্রশিক্ষণার্থীদের আবাসনের সুব্যবস্থা করার জন্য অনুরোধ জানান। এ প্রেক্ষিতে সচিব মহোদয় বিষয়টি গুরুত্ব সহকারে বিবেচনার জন্য এ অধিদপ্তরের মহাপরিচালককে অনুরোধ করেন। সর্বোপরি, অনুষ্ঠানের সভাপতি ও এ অধিদপ্তরের মহাপরিচালক জনাব দিলীপ কুমার সাহা সকলকে ধন্যবাদ জানিয়ে সমাপনী অনুষ্ঠানের সমাপ্তি ঘোষনা করেন।

১৩/০৯/২০১৮

(মোঃ জামাল উদ্দিন)

চীফ বিবলিওগ্রাফার/উপপরিচালক(চ.দা.)

ও

কোর্স কো-অর্ডিনেটর